

দুনীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা

নৈতিকতা কমিটির ২০২২-২৩/৪ নং সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মাহবুব হোসেন
সচিব
সভার তারিখ : ১১/০৬/২০২৩ খ্রিঃ
সভার সময় : ২.০০ ঘটিকা
স্থান : কমিশনের মিনি কনফারেন্স কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট - ক

সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে গত ০৬/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২৩/৩ নং সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন এবং ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার চতুর্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন পর্যালোচনা করা হয়। অতঃপর, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ অনুসারে দুনীতি দমন কমিশনের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.৪ নং ক্রমিকে “বিভিন্ন মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার ফোকাল পারসনদের সাথে মতবিনিময় সভা” বাস্তবায়নের লক্ষ্যে গত ২২/১১/২০২২ খ্রি. তারিখে সকল মন্ত্রণালয়/বিভাগের বর্তমান ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তথ্য চেয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়। এর পরিপ্রেক্ষিতে কোন জবাব না পাওয়ায় বিকল্প উৎস থেকে মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বর্তমান শুদ্ধাচার ফোকাল পয়েন্টদের তথ্য সংগ্রহ করা হয় এবং বাজেট ও কর্মপরিকল্পনা খসড়া প্রস্তুত করা হয়। তবে জুন মাসে সময়স্বল্পতা বিবেচনায় সভাটি এই অর্থবছরে করা সম্ভব হবে না বিধায় পরবর্তী অর্থবছরে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	“বিভিন্ন মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার ফোকাল পারসনদের সাথে মতবিনিময় সভা” শীর্ষক কার্যক্রমটি আগামী ২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারে আয়োজন করা হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
২	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে প্রতি কোয়ার্টারে কমিশনের কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। চতুর্থ কোয়ার্টারে অর্থাৎ আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য শুদ্ধাচার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে দুদকে কর্মরত ৩০ জন কর্মচারীর জন্য শুদ্ধাচার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ)
৩	২০২৩-২৪ অর্থবছরের দুনীতি দমন কমিশনের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সকল অনুবিভাগ থেকে প্রাপ্ত মতামত সভায় আলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর কর্মপরিকল্পনা ছকের ১.৫ ক্রমিকে “কর্মপরিবেশ উন্নয়ন” শীর্ষক কার্যক্রমের ক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান শীর্ষক ২ টি কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২৩-২৪ এর কর্মপরিকল্পনার ছকে ১.৫ ক্রমিকে “কর্মপরিবেশ উন্নয়ন” শীর্ষক কার্যক্রমের ক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান শীর্ষক ২ টি কার্যক্রম গ্রহণ করা হবে।	মহাপরিচালক (প্রশাসন)

৪	দুর্নীতি দমন কমিশনের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ক্রমিক ২.৪ 'প্রকল্পের PSC/PIC সভা আয়োজন' শীর্ষক কার্যক্রমের অধীন ৪র্থ কোয়ার্টারে অর্থাৎ আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে ০১ টি সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে একটি PSC/PIC সভা আয়োজন করা হবে।	পরিচালক (সুশাসন)
৫	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ অনুসারে দুদকের কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সকল অনুবিভাগ থেকে মতামত চেয়ে গত ০৫/০৬/২০২৩ তারিখে একটি ইউ.ও নোট প্রেরণ করা হয়। উক্ত ইউ.ও নোটের ভিত্তিতে প্রাপ্ত অনুবিভাগ ভিত্তিক মতামত সভায় উপস্থাপন করা হয়। উক্ত মতামত পর্যালোচনাপূর্বক ২০২৩-২৪ অর্থবছরের দুর্নীতি দমন কমিশনের শুদ্ধাচার কর্মপরিকল্পনার খসড়া প্রণয়ন করা হয়। প্রণীত খসড়া কর্মপরিকল্পনা অনুমোদন সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	মহাপরিচালক (সকল)

পরিশেষে, সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপন এর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোঃ মাহবুব হোসেন
সচিব

ফোন: ০২-৫৮৩১৬২০৭

Email: secretary@acc.org.bd

স্মারক নং: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২২.২০২২- ২২ ৬৮৫(৩৫)

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। পরিচালক (সুশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপপরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।

গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক (NIS এবং UNCAC Focal Point)